

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[ভ্যাট বিভাগ]

আদেশ

সাধারণ আদেশ নং-০৫/মুসক/২০১৭ তারিখঃ ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৪ বঙ্গাব্দ / ০১ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ।

মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৭ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৯ এ প্রদত্ত ক্ষমতাবলে বোর্ড, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ ও মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর অধীন প্রণীত সকল আদেশ এতদ্বারা রহিত করিল।

০২। রহিত হওয়া সত্ত্বেও, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এবং মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর অধীন প্রণীত কোন আদেশ দ্বারা বা আদেশের আলোকে কোন কর বা ফি বা অন্যকোন পাওনা এই আদেশ জারির অব্যবহিত পূর্বে অনাদায়ী থাকিলে উহা উক্ত আদেশ অনুযায়ী আদায় হইবে, এবং কোন বিষয় অনিষ্পন্ন থাকিলে তাহা এইরূপে উক্ত আদেশ অনুযায়ী নিষ্পন্ন হইবে যেন উক্ত আদেশটি রহিত হয় নাই।

০৩। এই আদেশ আগামী ০১ জুলাই, ২০১৭ খ্রিঃ তারিখ হইতে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(মোঃ নজিবুর রহমান)
চেয়ারম্যান